

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ১. হযরত আদম (আলাইহিস সালাম) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

জান্নাত থেকে পতিত হবার পর

হযরত আব্দুল্লাহ ইবনে আববাস (রাঃ) থেকে ছহীহ সনদে ইমাম আহমাদ, নাসাঈ ও হাকেম (রহঃ) বর্ণনা করেন যে, 'আমি কি তোমাদের প্রভু নই? বনু আদমের কাছ থেকে এই বহুল প্রসিদ্ধ 'আহদে আলাস্তু' বা الست بریکمان প্রতিজ্ঞা-প্রতিশ্রুতিটি তখনই নেওয়়া হয়, যখন আদম (আঃ)-কে জান্নাত থেকে পৃথিবীতে নামিয়ে দেওয়া হয়। আর ঠিএএ প্রতিশ্রুতি নেওয়া হয়েছিল না'মান () নামক উপত্যকায়, য়া পরবর্তীকালে 'আরাফাত'-এর ময়দান নামে পরিচিত হয়েছে।[17] এর দ্বারা একটি বিষয় প্রমাণিত হয় য়ে, জান্নাত ও জাহান্নামের অবস্থান পৃথিবীর বাইরে অন্যত্র এবং তা সৃষ্ট অবস্থায় তখনও ছিল এখনও আছে। আধুনিক বিজ্ঞান এ পৃথিবী ও সৌরলোকের বাইরে দূরে বহুদূরে অগণিত সৌরলোকের সন্ধান দিয়ে কুরআন ও হাদীছের তথ্যকেই সপ্রমাণ করে দিছে।

ফুটনোট

[17]. আহমাদ, মিশকাত হা/১২১ 'ঈমান' অধ্যায় 'তারুদীরে বিশ্বাস' অনুচ্ছেদ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2159

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন